কামরুন জিনিয়া

# গহন শূন্যতা

(কানাডা প্রবাসী লেখক শ্রদ্ধেয় মীজান রহমানকে)

মনের গভীরে গহন এক শূন্যতা
আমি একে চিনি না
এ যেনো হাজারো সুবর্ণ রেখার ভেতর
যুক্তিহীন তমসার এক দূর্বোধ্য বুনন।

ঝড়ের পূর্বমুহূর্তে আকাশে সেদিন
কালো মেঘের নীচে
গায়ে বিকেলের সোনালী রোদ পড়া
শাদা বককে উড়তে দেখে
অপার্থিব লেগেছে!
আনন্দে বিহ্বল না হয়ে দু'চোখ
ভরে উঠেছে কেনো জলে?

ঝিরঝিরে তরল বাতাসে, আকাশে
মেঘের নীচে ধূসর চাঁদের উপস্থিতি
মনকে তন্ময়তায় আবিষ্ট করে
অদ্ভূত এক নিশ্চেতনতায় ডুবে যেতে থাকি
বুকভরা অচেনা বেদনার সুরগুলো একসময়
আর বিরক্ত করে না।
ভাবনাগুলো ছোট ছোট এবং
থোকা থোকা,
যেগুলো দিয়ে একটি একক মালা
কিছুতেই গড়ে তুলতে পারি না।
একসময় ঘোর কেটে যায় বর্ণচোরা
চোখের জলে!
সত্যিই কি চোখের জলের কোনো রঙ হয় না?

কিছু হিসেব কখনোই মেলে না
মেলার হয়তো প্রয়োজনও নেই।
মনের গভীরে গহন এক শূণ্যতা
আমি একে চিনি না
এ যেনো হাজারো সুবর্ণ রেখার ভেতর
যুক্তিহীন তমসার এক দূর্বোধ্য বুনন।